

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-১ (প্রশাসন ও হিসাব)  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০১০.১৮.০০৫৯.২৩- ২১৭ (৩০)

তারিখ: ১৭/০৩/২০২৬ খ্রি.

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ০১টি আঞ্চলিক কার্যালয় (সিলেট), ০৩টি ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ ও ফরিদপুর) এবং ০১টি পলিটেকনিক ইনস্টিটিউটে (মাগুরা) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী বিভিন্ন ক্যাটাগরির ৫৩ জন সেবাকর্মীর সেবা ক্রয়ের চুক্তি প্রসংগে।

সূত্র: ১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০১০.১৮.০০৫৯.২৩-৫৭, তারিখ: ৩০ জুন ২০২৬ খ্রি।

২। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০২.২০.০০৪.২৪-২৩৮, তারিখ: ১২ মার্চ ২০২৬ খ্রি।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১ নং সূত্রের স্মারক মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ০১টি আঞ্চলিক কার্যালয় (সিলেট), ০৩টি ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ ও ফরিদপুর) এবং ০১টি পলিটেকনিক ইনস্টিটিউটে (মাগুরা) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী বিভিন্ন ক্যাটাগরির ৫৩ জন সেবাকর্মীর সেবা ক্রয়ের মেয়াদ বৃদ্ধি করা হয়। ২ নং সূত্রের স্মারকে মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন দপ্তরের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত বাজেটে “৩২১১১৩১-আউটসোর্সিং” খাতে বরাদ্দকৃত অর্থ হতে ১২২ জন সেবাকর্মী সেবা গ্রহণের ক্ষেত্রে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুসরণ পূর্বক জুলাই ২০২৫ হতে এপ্রিল ২০২৬ পর্যন্ত মোট ১০ (দশ) মাসের শর্তসাপেক্ষে সেবামূল্য বাবদ বরাদ্দ প্রদান করে। উক্ত শর্তের আলোকে ১ নং স্মারকের পত্রের মেয়াদ জুলাই ২০২৫ হতে এপ্রিল ২০২৬ পর্যন্ত কার্যকর থাকবে।

২। ২ নং সূত্রের স্মারকে প্রাপ্ত বরাদ্দ সাপেক্ষে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী বিভিন্ন ক্যাটাগরির ৫৩ (তেরো) জন সেবাকর্মীর সেবা জুলাই ২০২৫ হতে এপ্রিল ২০২৬ পর্যন্ত নিম্নোক্ত শর্তে সেবা ক্রয়ের চুক্তিতে সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

ক্রমিক নং	প্রস্তাবিত সেবার নাম	সেবাকর্মীর সংখ্যা	ক্যাটাগরি
<b>ক. আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সিলেট</b>			
০১.	পরিচ্ছন্নতা কর্মী	০১	০৫
০২.	নৈশ প্রহরী	০১	০৫
উপমোট-		০২	-
<b>খ. সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ</b>			
০১.	প্রাঙ্গার	১×৩=৩	২
০২.	কারপেন্টার	১×৩=৩	২
০৩.	পাম্প অপারেটর	১×৩=৩	২
০৪.	কেয়ারটেকার	১×৩=৩	১
০৫.	বুক স্টোর	১×৩=৩	৫
০৬.	বাবুর্চি	২×৩=৬	৪
০৭.	পরিচ্ছন্নতা কর্মী	২×৩=৬	৫
০৮.	নিরাপত্তা প্রহরী	৩×৩=৯	৫
০৯.	সহকারী বাবুর্চি	১×৩=৩	৫
১০.	মালী	১×৩=৩	৪
উপমোট-		৪২	-
<b>গ. মাগুরা পলিটেকনিক ইনস্টিটিউট, মাগুরা</b>			
০১.	ড্রাইভার	০১	২
০২.	পরিচ্ছন্নতা কর্মী	০২	৫
০৩.	নিরাপত্তা প্রহরী	০৪	৫
০৪.	মালী	০১	৪
০৫.	ওয়ার্কশপ খালাসী	০১	৫
উপমোট-		০৯	-
মোট=		৫৩	-

শর্তাবলী:

- ক) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধিবিধান অনুসরণ করতে হবে;
- খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০২৫ বলবৎ হওয়ায় ৩০ এপ্রিল ২০২৬ এর পর আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮ অনুযায়ী কোন বকেয়া দাবি করা যাবে না।
- গ) সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের জন্য সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (CPTU) কর্তৃক নির্ধারিত সার্ভিস কমিশন (ন্যূনতম ৫%) প্রযোজ্য হবে;
- ঘ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- ঙ) চুক্তিপত্রে পদের নাম ও পদ সংখ্যা উল্লেখ করতে হবে;
- চ) সেবা ক্রয়ের মেয়াদ ০১ জুলাই ২০২৫ হতে ৩০ এপ্রিল ২০২৬ পর্যন্ত কার্যকর থাকবে;

  
(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)  
পরিচালক (প্রশাসন)

বিতরণ:


- ১। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সিলেট
- ২। অধ্যক্ষ, সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট
- ৩। অধ্যক্ষ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর
- ৪। অধ্যক্ষ, ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ
- ৫। অধ্যক্ষ, মাগুরা পলিটেকনিক ইনস্টিটিউট, মাগুরা

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০১ ০.১৮.০০৫৯.২৩- ২১৭ (৩০)

তারিখ: ২৭/০৬/২০২৬খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
- ৩। বিভাগীয় হিসাবনিয়ন্ত্রক .....
- ৪। ডিস্ট্রিক্ট/উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার.....;
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি.সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রখানা অধিদপ্তরের ওয়েবসাইটে ও প্রতিষ্ঠানের ই-মেইলে দেয়ার জন্য অনুরোধ করা হলো;
- ৬। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। সংরক্ষণ নথি।

  
২০.০৬.২৬  
(মোঃ মাহবুবুর রহমান)  
সহকারী পরিচালক